


# রঞ্জেটে নবীনবরণ ও দিকনির্দেশনামূলক পরিচয়ন সভা অনুষ্ঠিত

আল-আমিন হোসেন, রাজশাহী

প্রকাশিত: ১৯:০২, ১০ মে ২০২৫



ছবি: জনকগ্র



রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রঞ্জেট) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের নবীন  
শিক্ষার্থীদের জন্য পরিচয়ন সভা আয়োজন করা হয়েছে। শনিবার (১০ মে) রঞ্জেট  
অডিটোরিয়ামে সকাল থেকে দুপুর পর্যন্ত তিনটি ধাপে এই অনুষ্ঠানের আয়োজন করা  
হয়।

সকাল ৮টা ৩০ মিনিটে পুরকৌশল অনুষদ, সকাল ৯টা ৫০ মিনিটে তড়িৎ ও কম্পিউটার  
কৌশল অনুষদ এবং সকাল ১১টা ৫০ মিনিটে যন্ত্রকৌশল অনুষদের নবাগত শিক্ষার্থীদের

নিয়ে পৃথক পর্বে সভাগুলো অনুষ্ঠিত হয়।

পরিচয়ন সভায় ছাত্রকল্যাণ পরিচালক অধ্যাপক ড. রবিউল ইসলাম সরকার নবাগতদের উদ্দেশে বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন সবসময় শিক্ষার্থীদের পাশে আছে এবং যেকোনো প্রয়োজনে সহযোগিতার আশ্বাস দেন। তিনি জানান, রংয়েটে র্যাগিং ও বুলিংয়ের বিরুদ্ধে ‘জিরো টলারেন্স’ নীতি অনুসরণ করা হয় এবং শিক্ষার্থীদের যেকোনো সমস্যায় ছাত্রকল্যাণ দপ্তরে যোগাযোগ করতে আহ্বান জানান।

তিনি আরও জানান, অক্টোবরের মধ্যে ৮০ শতাংশ শিক্ষার্থীর আবাসন নিশ্চিতসহ ডিজিটালাইজেশনসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের কাজ চলছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রংয়েটের উপাচার্য অধ্যাপক ড. এস. এম. আব্দুর রাজজাক। তিনি নবাগত শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের শুভেচ্ছা জানিয়ে বলেন, এই দিনটি রংয়েট পরিবারের জন্য আনন্দঘন।

তিনি শিক্ষার্থীদের চতুর্থ শিল্পবিপ্লব, কৃত্রিম বুদ্ধিমত্তা ও জলবায়ু পরিবর্তনের মতো বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুত হওয়ার আহ্বান জানান এবং প্রযুক্তিগত দক্ষতার পাশাপাশি মানবিক ও নেতৃত্বগুণ অর্জনের ওপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান ও শিক্ষকবৃন্দ নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন।

পুরকৌশল বিভাগের নবাগত শিক্ষার্থী মো. তুষার হোসেন বলেন, “রংয়েটে পড়ার সুযোগ পাওয়া আমার জন্য গর্বের। আমি ভবিষ্যতে একজন স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার হিসেবে দেশের অবকাঠামো উন্নয়নে কাজ করতে চাই।”

সভায় জানানো হয়, আগামী ১২ মে থেকে নিয়মিত ক্লাস শুরু হবে।

উল্লেখযোগ্যভাবে, চার বছর পর এবার রংয়েটে একক ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে, যেখানে এমসিকিউ ও লিথিত— দুই ধাপের মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করা হয়েছে।